

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স
৬, ফিনিক্স রোড, ফুলবাড়িয়া
ঢাকা-১০০০
www.police.gov.bd

স্মারক নং- ৪৪.০১.০০০০.০২৮.২৩.০২০.১৪- ৪৪১

তারিখ : ২০ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
০৪ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : পুলিশ ওয়েবসাইটে (www.police.gov.bd) প্রকাশযোগ্য হালনাগাদ তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-৪৪.০১.০০০০.০৩৭.০ ৩.০০১.১৩-৫৯৭ তারিখ-১৫/১০/২০১৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং শাখার ফেব্রুয়ারি/২০১৮ মাসের তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো-

ক্রমিক	বিবরণ
১।	২০১৬ সনের বহিরাগত ক্যাডেট এসআই (নিরস্ত্র) হিসেবে সিলেকশন বোর্ড কর্তৃক প্রাথমিকভাবে ১৫১১ প্রার্থী নির্বাচিত করা হয়। উক্ত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা ও ভিআর সম্পন্নকরণের পর ১৪১০ জন প্রার্থীকে চূড়ান্তভাবে মনোনীত করে গত ২৮/০১/২০১৮ খ্রি. তারিখ হতে ১ বছর মেয়াদী মৌলিক প্রশিক্ষণ শুরু হয়েছে।
২।	বিভাগীয় ক্যাডেট এসআই (নিরস্ত্র) পদে স্থায়ীকরণের নিমিত্ত ১৩২৮ জন প্রার্থীকে ডিসি কোর্সে মনোনীতকরত: ১ বছর মেয়াদী (৬ মাস মৌলিক এবং ৬ মাস বাস্তব) প্রশিক্ষণ গত ০১/০২/২০১৮ খ্রি. তারিখ হতে শুরু হয়েছে।
৩।	পুলিশ সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) পদে নিয়োগ বিজ্ঞপ্তি-২০১৮ প্রকাশিত হয়েছে। সকল জেলার প্রার্থীদের শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষা গত ১৩/০২/২০১৮ হতে ১৫/০২/২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে।
৪।	বাংলাদেশ পুলিশ বাহিনীতে সার্জেন্ট (পুরুষ/নারী) পদে নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠিত লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ ৭৩১ প্রার্থীদের মধ্যে ৬৯৯ জন প্রার্থীকে চূড়ান্তভাবে মনোনীত করে গত ৮/১১/২০১৭ খ্রি. তারিখ হতে ১ বছর মেয়াদী মৌলিক প্রশিক্ষণ শুরু হয়েছে।
৫।	বাংলাদেশ পুলিশ বাহিনীতে ট্রেইনি রিক্রুট কনস্টবল (টিআরসি) পদে ১০,০০০ জন (৮,৫০০ পুরুষ এবং ১,৫০০ জন নারী) প্রার্থী নিয়োগের নিমিত্ত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি - ফেব্রুয়ারি, ২০১৮ প্রকাশ করা হয়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী ২২ ফেব্রুয়ারি, ২০১৮ হতে নিয়োগ কার্যক্রম শুরু হয়েছে।

উক্ত তথ্যাদি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



মোহাম্মদ নাসিরুল ইসলাম

বিপি ৭৪০৩০২৭৮৫৭

এআইজি, রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-২
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

☎ ৯৫৮৫৩০৩

ই-মেইল : aigr_m@police.gov.bd

বিতরণ :

কার্যার্থে-

অ্যাডি. ডিআইজি (আইসিটি)

বাংলাদেশ পুলিশ

পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।